# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৩৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৩. আযানের পর মসজিদ থেকে বেরিয়ে যাওয়া

باب الْخُرُوجِ مِنَ الْمَسْجِدِ بَعْدَ الأَذَانِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ الْمُهَاجِرِ، عَنْ أَبِي الشَّعْثَاءِ، قَالَ كُنَّا مَعَ أَبِي هُرَيْرَةَ فِي الْمَسْجِدِ فَخَرَجَ رَجُلٌ حِينَ أَذَّنَ الْمُؤَذِّنُ لِلْعَصْرِ فَقَالَ أَبُو هُرَيْرَةَ أَمَّا هَذَا فَقَدْ عَصَى أَبَا الْقَاسِمِ عَلَيْهِ السَّلاَمُ .

صحيح : م

বাংলা

৫৩৬। আবূশ্-শা’সা (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা আবূ হুরাইরাহ্ (রাঃ)-এর সাথে মসজিদে ছিলাম। মুয়াজ্জিন ’আসরের আযান দিলে এক ব্যক্তি মাসজিদ থেকে বের হয়ে যায়। আবূ হুরাইরাহ্ (রাঃ) বলেন, লোকটি আবূল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিরুদ্ধাচারণ করল।[1]

সহীহ : মুসলিম।

## English

Abu al-Sha’tha said :
we were sitting with Abu Hurairah in the mosque. A man went out of the mosque after the ADHAN for the afternoon prayer had been called. Abu Hurairah said: As regards this (man), he disobeyed Abu al-Qasim, the prophet (ﷺ).

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ মাসজিদ, অনুঃ মুয়াজ্জিন যখন আযান দেয় তখন মাসজিদ থেকে বের হওয়া নিষেধ),

তিরমিযী (অধ্যায়ঃ সালাত, অনুঃ আযানের পর মাসজিদ থেকে বের হওয়া অপছন্দনীয়, হাঃ ২০৪, ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), নাসায়ী (অধ্যায় আযান, হাঃ ৬৮২) ইবনু মাজাহ (অধ্যায়ঃ আযান, হাঃ ৭৩৩), দারিমী (১২০৫)। সকলে ইবরাহীম ইবনু মুহাজির সূত্রে।

হাদীস থেকে শিক্ষাঃ

মু‘মিন ব্যক্তির জন্য মসজিদে অবস্থানকালে আযানের পর মাসজিদ থেকে বেরিয়ে যাওয়া জায়িয নয়। অবশ্য ‘আলিমগণ বের হওয়ার এ হুকুমের বিষয়ে মতভেদ করেছেন। কেউ একে মাকরূহ বলেছেন, আর কেউ বলেছেন হারাম। (তবে কারণ বশতঃ বের হওয়া দোষণীয় নয়। যেমন পেশাব-পায়খানা বা অন্য কোনো প্রয়োজন। যা সম্পন্ন করে তিনি জামা‘আতের পূর্বেই মসজিদে উপস্থিত হবেন, অথবা পাশ্বর্তী কোনো মসজিদে জামা‘আতের সাথে সালাত আদায় করবেন ইত্যাদি। ওজর থাকলে এরূপ করা দোষণীয় নয়)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবুশ-শা‘সা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57854

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন